# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৪২ : যদি কোন ব্যক্তি 'আল-ওয়ালা ওয়াল বারা'র (সম্পর্ক রাখা ও সম্পর্ক ছিন্ন করা) মাসআলায় 'আল-ফিরকা আন-নাজিয়াহ' বা 'আত-ত্বয়িফাহ আল-মানছুরাহ' এর বিরোধিতা করে অথবা শ্রবণ করা ও আনুগত্য করার মাসআলায় শাসকের বিরোধিতা করে; শাসক চাই সৎ হোক বা না হোক যিনি কোন অবাধ্যতা ও পাপাচারের আদেশ প্রদান করেন না। এমতাবস্থায় উক্ত ব্যক্তি আকীদার বাকি মাসআলায় আহলুস সুন্নাহ ওয়াল জামাতের সাথে একমত হলেও কি সে ফিরকা নাজিয়াহ থেকে বের হয়ে যাবে?

উত্তর : হ্যাঁ, যদি কোন বিষয়ে খিলাফ করে এবং বাকি অন্য বিষয়ে মুআফিকব হয় তাহলে সে যে বিষয়ে মতানৈক্য করবে সে বিষয়ে তাদের অন্তর্ভুক্ত হবে না। আর যে মাসআলায় তাদের সাথে মিল থাকবে সে মাসআলায় তাদের অন্তর্ভুক্ত হবে।

এমতাবস্থায় সে মারাত্মক সমস্যার সম্মুখীন হবে। তার ক্ষেত্রে كلهم في النار বা এই প্রত্যেকেই জাহান্নামে যাবে হুকুম প্রযোজ্য হবে। তবে এর অর্থ এই নয় যে, প্রত্যেকেই কুফুরী করবে এবং চিরস্থাহায়ী ভাবে জাহান্নামে থাকবে। বরং তারা তাদের বিরোধিতা বা মুখালাফিতা অনুসারে মিল্লাত থেকে বের হয়ে যাবে। কখনো মিল্লাত থেকে এমনটি হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13116

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন